# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

www.bpc.gov.bd

স্মারক নং-২৮.০৩.০০০০.০০০.০০৮.০৪.০০২৫.১৩/৮৫৮ তারিখঃ ২১/১২/২০২৫

## বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর পক্ষে উচ্চ আদালত ও নিম্ন আদালতে মামলা পরিচালনা, আইনগত মতামত ও পরামর্শ প্রদান করার জন্য **বিপিসি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৫** অনুযায়ী ০২ (দুই) জন আইন উপদেষ্টা এবং ১০ (দশ) জন প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে আগ্রহী আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

১। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর ওয়েবসাইট (www.bpc.gov.bd) এ প্রকাশিত আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক **বিপিসি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৫** এর ৬ নম্বর ধারার যোগ্যতা পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে;

২। আগ্রহী আইনজীবীগণকে আবেদনপত্রের সাথে **বিপিসি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৫** এর ৭ নম্বর ধারায় উল্লেখিত প্রয়োজনীয় সনদ ও কাগজাদি সংযুক্ত করতে হবে;

৩। একজন আইনজীবীকে একইসাথে সংস্থার আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রদান করা হবে না। একজন আইনজীবী একইসময়ে যে কোন একটি পদে অর্থাৎ আইন উপদেষ্টা অথবা প্যানেল আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন;

৪। নিয়োগপ্রাপ্ত আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীগণ বিপিসি'র সাথে চুক্তিতে আবদ্ধ হবেন এবং **বিপিসি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৫** এ বর্ণিত শর্তানুযায়ী চুক্তি স্বাক্ষরিত হবে এবং মামলা পরিচালনা, আইনগত মতামত ও পরামর্শ প্রদান বিষয়ক সার্বিক কার্যক্রম পরিচালিত হবে;

৫। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর নিয়োগের মেয়াদ হবে নিয়োগপত্র ইস্যুর তারিখ হতে ৩ (তিন) বছর। তবে শর্ত থাকে যে কোন পক্ষ ১ (এক) মাসের নোটিশ প্রদান সাপেক্ষে এই নিয়োগ রহিত/বাতিল করতে পারবে;

৬। আগ্রহী প্রার্থীদেরকে সচিব, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম, বরাবরে আগামী ২২/০১/২০২৬খ্রিঃ তারিখের অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে;

৭। খামের উপর অবশ্যই "আইন উপদেষ্টা অথবা প্যানেল আইনজীবী পদের জন্য আবেদনপত্র" কথাটি উল্লেখ করতে হবে;

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। প্যানেল আইনজীবী ও আইন উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

**বিশেষ দ্রষ্টব্যঃ বিপিসির আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৫ অনুমোদন ও জারী হওয়ায় গত ০৭/০৫/২০১৯ তারিখে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র স্মারক নং-২৮.০৩.০০০০.০১০.০২.০১৪.১৯ অনুযায়ী প্রকাশিত আইন উপদেষ্টা নিয়োগ বিজ্ঞপ্তি এতদ্বারা বাতিল করা হলো। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ এর ক্ষেত্রে বিপিসিতে পূর্বে আইন উপদেষ্টা/আইনজীবী/প্যানেল আইনজীবী হিসেবে কর্মকালীন অভিজ্ঞতা, দক্ষতা ও সুনাম-কে অগ্রাধিকার দেয়া হবে।**

২১/১২/২০২৫

**শাহিনা সুলতানা**

সচিব (উপসচিব)

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন